দৈনিক বাংলা

তারিখ ... 17.8.84 ...
পৃষ্ঠা ... 5 কলাম 1 ...

053

# বিসিএস পরীক্ষার বয়স

চাকরি এক সোনার হরিণ। এই সোনার হরিণের পিছু ছুটতে ছুটতে যুবকেরা হয়রান। চাঁদ আজ অনেকের জীবনে ঝলসান রুটি। বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট আস্তাকুড়ে নিক্ষেপ করার মত ছিন্নপত্র। তবু মাঝে মাঝে আশার আলোর রেখা দেখা দেয়। ক্ষয় হওয়া জুতো অনেক আশায় আবার পায়ে ঢুকোবার ইচ্ছে হয়। এই আশার আলোর সারিতে সবচেয়ে বেশী উজ্জ্বল বিসিএস পরীক্ষা। পাবলিক সার্ভিস কমিশন ঘোষণা করেছেন—আগামী অক্টোবরে বিসিএস পরীক্ষা অনুষ্ঠিত হবে।

তবে এই ঘোষণায়ও মিশ্র প্রতিক্রিয়া হয়েছে। ঘোষণায় বলা হয়েছে যে, এই পরীক্ষায় অনূর্ধ্ব ২৭ বছরের যুবকেরা অংশগ্রহণ করতে পারবে। অথচ ১৯৭৯ সাল ও ১৯৮২ সালের পরীক্ষায় বয়সের সীমা ছিল ২৮ বছর। এমন কি উপজেলা সৃষ্টির পর ম্যাজিস্ট্রেট নিয়োগ পরীক্ষার সর্বোচ্চ বয়স-সীমা নির্ধারিত হয়েছিল ৫২ বছর। প্রশ্ন উঠেছে, তাহলে এবার ব্যতিক্রম করা হচ্ছে কেন?

এবার বয়স সম্পর্কে কেন ব্যতিক্রম করা হয়েছে, সে জবাব পাবলিক সার্ভিস কমিশন দেননি। তবে পরীক্ষার্থীদের পক্ষ থেকে বলা হয়েছে, বয়স সম্পর্কে সিদ্ধান্ত পাল্টান না হলে অনেক শিক্ষিত বেকার যুবক আশাহত হবে। তাদের অন্যতম গুরুত্বপূর্ণ যুক্তি হচ্ছে—দেশ স্বাধীন হওয়ার পর বিভিন্ন অজুহাতে বিশ্ববিদ্যালয়ের কোন পরীক্ষাই নিয়মিত অনুষ্ঠিত হয়নি। অনেক মেধাবী ছাত্রও নিয়মিত পড়াশুনা করে ২৬/২৭ বছরের আগে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রী অর্জন করতে পারেনি। অপরদিকে বিসিএস পরীক্ষাও প্রতিবছর অনুষ্ঠিত হয় না। ফলে বয়সের হেরফের হয়। এবং এই পরিপ্রেক্ষিতেই বয়সের প্রশ্নটি এতদিন ভিন্নভাবে বিবেচিত হয়েছে। এবং এ পরিস্থিতি মেনে নিলে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের বয়স ২৭ থেকে ২৮ করতে আপত্তি কোথায়? আশা করি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রশ্নটি পুনর্বিবেচনা করবেন।